

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০৭.০০৫.১৭.৩২৬

তারিখ: ৩ পৌষ ১৪২৫

১৭ ডিসেম্বর ২০১৮

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১৩৩৫৪/২০১৮ মামলার ১১.১১.২০১৮খি: তারিখের
রুলিং অনুযায়ী কুড়িগ্রাম জেলার রাজার হাট উপজেলাধীন নাজিম খান মহিলা দাখিল মাদ্রাসার
সুপার সাময়িক বরখাস্ত থাকায় বিধি মোতাবেক সহ সুপার জনাব মো: শাহ আলমকে ভারপ্রাপ্ত
সুপারের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্র: ০১. মো: শাহ আলম, সহ সুপার, নাজিম খান মহিলা দাখিল মাদ্রাসা, রাজার হাট, কুড়িগ্রাম এর আবেদন
তারিখ: ০৩.১২.২০১৮খি:।

০২. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ তারিখ:০৬.০৬.২০১১খি:।

০৩. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ: ০৯.০৭.২০১১খি:।

০৪. শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও শিক্ষা মন্ত্রণালয় বিভাগ কর্তৃক ১৯.০৭.২০১৮খি: তারিখে জারিকৃত
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রাজার হাট উপজেলাধীন
নাজিম খান মহিলা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: হারুনর রশিদ সাময়িক বরখাস্ত থাকায় ম্যানেজিং কমিটি সহ সুপার জনাব মো: শাহ
আলমকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব না দিয়ে সহকারি মৌলভী জনাব মফিজুল হক ফারাজীকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করে।

০২. কোন কারণে সুপার না থাকলে সহ সুপার ভারপ্রাপ্ত সুপারের দায়িত্বে থাকার বিষয়ে সূত্রে উল্লেখিত ০৩, ০৪ ও ০৫ নং স্মারক পত্রের
মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ের সুস্পষ্ট নির্দেশনা আছে।

০৩. শিক্ষা মন্ত্রণালয়ের উপরিউক্ত নির্দেশনা অনুযায়ী বর্ণিত মাদ্রাসার সহকারি মৌলভী জনাব মফিজুল হক ফারাজীকে ভারপ্রাপ্ত সুপারের
দায়িত্ব দেয়া বিষয়টি বিধিবহির্ভূত বলে গন্য।

০৪. সূত্রে উল্লেখিত ০২ নং স্মারক পত্রের মাধ্যমে বর্ণিত মাদ্রাসার সহ সুপার দাখিলকৃত আবেদনের মাধ্যমে যানা যায় যে বর্তমানে
প্রতিষ্ঠানটিতে কোন ম্যানেজিং কমিটি নেই। স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার বেতন বিলে প্রতিশ্রুতির করছেন।

০৪. এমতাবস্থায় মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১৩৩৫৪/২০১৮ মামলার ১১.১১.২০১৮খি: তারিখের রুলিং অনুযায়ী কুড়িগ্রাম
জেলার রাজার হাট উপজেলাধীন নাজিম খান মহিলা দাখিল মাদ্রাসার সহকারি মৌলভী জনাব মফিজুল হক ফারাজীর পরিবর্তে বিধি
মোতাবেক সহ সুপার জনাব মো: শাহ আলমকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে
অনুরোধ করা হলো।

১৭-১২-২০১৮

ইমন আমির

পরিদর্শক

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০৭.০০৫.১৭.৩২৬/১(৬)

তারিখ: ৩ পৌষ ১৪২৫
১৭ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, কুড়িগ্রাম
- ৪) জনাব মো: শাহ আলম, সহ সুপার নাজিম খান মহিলা দাখিল মাদ্রাসা, উপজেলা- রাজার হাট, জেলা- কুড়িগ্রাম
- ৫) জনাব মফিজুল হক ফারাজী, সহকারি মৌলভী, নাজিম খান মহিলা দাখিল মাদ্রাসা, উপজেলা- রাজার হাট, জেলা- কুড়িগ্রাম
- ৬) অফিস কপি



১৭-১২-২০১৮

ইমন আমির

পরিদর্শক